Government of West Bengal
OFFICE OF THE ASSISTANT DIRECTOR OF FISHERIES
সহ-মৎস্য অধিকর্তার করণ, মীণ ভবণ, সারদা দেবী রোড, কোচবিহার, পশ্চিমবঙ্গ
MEEN BHABAN, Sarada Devi Road, District- Cooch Behar
Phone No.:- (03582) 222384, email: adfcoochbehar@gmail.com

স্মারক সংখ্যা : ৩১৭/এ.ডি.এম-৩ তারিখ: ১৮/০৬/২০২০.

জলকর বন্দোবস্তের দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র জেলার সমস্ত কার্যকরী মৎস্যজীবি সমবায় সমিতি/ মৎস্য উৎপাদক গোষ্ঠী/ স্বয়ম্ভর গোষ্ঠী- গনকে জানানো যাচ্ছে যে, ১৯৯১ সালের পশ্চিমবঙ্গ-এর ভূমি ও ভূমি সংস্কার নির্দেশিকার ১৭ নং পরিচ্ছেদের ২৭২ নং বিধি ও জেলা শাসক, কোচবিহার- এর অনুমতিক্রমে অত্র জেলার সংযোজিত তালিকায় উল্লিখিত ২০ একর পর্য্যন্ত জলকরগুলি বাংলা ১৪২৭ সনের ১লা বৈশাখ মাস হইতে ১৪৩১ সনের ৩১শে চৈত্র মাস পর্য্যন্ত ৫(পাঁচ) বছরের জন্য এবং ২০একরের উর্দ্ধে উল্লিখিত জলকরগুলি ১৪২৭ সনের ১লা বৈশাখ মাস হইতে ১৪৩৩ সনের ৩১শে চৈত্র মাস পর্য্যন্ত ৭(সাত) বছরের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে মেয়াদী বন্দোবস্ত দেওয়ার জন্য দরপত্র আহ্বান করা হচ্ছে। বন্দোবস্ত গ্রহণে ইচ্ছুক কার্যকরী মৎস্যজীবি সমবায় সমিতি/ মৎস্য উৎপাদক গোষ্ঠী/ স্বয়ম্ভর গোষ্ঠী- এর নিকট থেকে ১০(দশ) টাকা মূল্যের কোর্ট ফি সংযুক্ত দরখাস্ত গালা ও সীলকরা মুখবন্ধ খামে প্রত্যেক জলকরের জন্য পৃথক পৃথক দরপত্র আহ্বান করা হচ্ছে।

-: শর্তাবলী :-

০১। দরপত্র দাখিলকারী মৎস্যজীবি সমবায় সমিতি/ মৎস্য উৎপাদক গোষ্ঠী/ স্বয়ম্ভর গোষ্ঠী- এর সম্পাদকের স্বাক্ষর ও সিলমোহর লাগাতে হবে এবং রেজিস্ট্রেশন নম্বর, নাম ও ঠিকানা স্পষ্ট ও সম্পূর্ণভাবে লিখতে হবে।

০২। দরপত্রের সঙ্গে মৎস্যজীবি সমবায় সমিতি/ মৎস্য উৎপাদক গোষ্ঠী/ স্বয়ম্ভর গোষ্ঠী- এর রেজিস্ট্রেশনের সংশাপত্র, সর্বশেষ বাৎসরিক সাধারণ সভা ও অডিট রিপোর্ট এর অনুলিপি প্রদান করতে হবে। দুই বা ততোধিক সমিতি/গোষ্ঠী যুক্ত নামে অংশ গ্রহণ করতে পারবেন না।

০৩। খামের উপর আবেদনকারীর সিলমোহর লাগাতে হবে ও কোন জলকরের জন্য দরপত্র দেওয়া হচ্ছে তাহা স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে ।

০৪। দরপত্র আহ্বানকার্যে অংশগ্রহনকারী সমবায় সমিতি/গোষ্ঠী- এর প্রতিনিধিকে মীনাধারের পাশে উল্লিখিত নূন্যতম সংরক্ষিত ধার্য্যমূল্যের এক দশমাংশ (১০%) পরিমান অর্থ আর্নেস্ট মানি হিসাবে Bank Draft মারফৎ **ASSISTANT DIRECTOR OF FISHERIES, COOCH BEHAR** এর নামে জমা দিয়ে Sealed bid-এ অংশ গ্রহন করতে হবে। দরপত্র গ্রহণযোগ্য ডাকধারী কে বন্দোবস্ত দেওয়া হবে। গ্রহণযোগ্য ডাকধারী ব্যতীত অন্যান্য সকল অংশ গ্রহণকারী- গনকে Bank Draft ফেরৎ দেওয়া হবে।

০৫। দরপত্র (Financial Bid) এবং শংসাপত্র (Technical Bid) দুটি আলাদা মুখবন্ধ খামে ভরে একটি বড় খামে ভরে জমা দিতে হবে। প্রতিটি খামে আবেদনকারীর সীলমোহর এবং কোন জলকরের জন্য দরপত্র তাহা উল্লেখ করতে হবে এবং কোনটি দরপত্র ও কোনটি শংসাপত্র তাহা পরিস্কার ভাবে খামের উপর উল্লেখ করতে হবে। দরপত্রে দরের পরিমাণ অঙ্কে ও কথায় উল্লেখ করতে হবে।

০৬। দরপত্র আগামী ইং. **২২/০৬/২০২০ তাং থেকে ১৩/০৭/২০২০**, বেলা ১২.০০ টা থেকে বেলা ৩.০০ টা পর্য্যন্ত প্রতি কাজের দিন গ্রহণ করা হবে। দরপত্র ও অন্যান্য কাগজপত্রগুলি অত্র করণে বিজ্ঞপ্তি বাক্সে জমা দিতে হবে।

০৭। ইং. **১৪/০৭/২০২০ তাং বেলা ১২.০০** টার সময় অত্র দপ্তর-এ উপস্থিত দরপত্র প্রদানকারীদের সম্মুখে দরপত্র খোলা হবে ও দরপত্রগুলি বিবেচনা করা হবে।

০৮। যে সকল দরপত্র গ্রহণযোগ্য বলে গণ্য হবে তাহা গ্রহণ করা সর্বদায় উর্দ্ধতন কর্তৃপক্ষের মঞ্জুরী ও অনুমোদন সাপেক্ষ।

০৯। সফল দরপত্রকারীকে ডাক মার্ফৎ জানানো হবে এবং পত্র পাওয়ার ৭ (সাত) দিনের মধ্যে ২৫% জলকর এবং বাকি জলকর পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে ব্যাঙ্ক চেক বা ড্রাফট মার্ফৎ **ASSISTANT DIRECTOR OF FISHERIES, COOCH BEHAR** এর অনুকূলে জমা করতে হবে। জমা দিতে না পারলে সেই দরপত্রটি বাতিল হবে এবং আর্নেস্ট মানি সহ আগেকার জমা দেওয়া অর্থ বাজেয়াপ্ত করা হবে। এরুপভাবে বাতিলীকৃত দরপত্র প্রদানকারী পরবর্তীকালে মৎস্য দপ্তর অধীনস্থ কোন জলকরের জন্য দরপত্র প্রদান করতে পারবেন না।

১০। জলকরের বকেয়া ইজারা মূল্যের উপর ১৮% হারে প্রতি বৎসর সুদ বৃদ্ধি পাবে এবং অনাদায়ে প: ব: পি. ডি. আর অ্যাক্ট মূলে আদায়যোগ্য হবে।

১১। যে সকল কালো তালিকাভুক্ত সমিতি/ গোষ্ঠী- এর দরপত্র গ্রহণ উর্দ্ধতন কতৃপক্ষের দ্বারা সাময়িকভাবে নিষিদ্ধ হয়েছে অথবা যে সমস্ত সমিতি/ গোষ্ঠী- এর পূর্বেই দেয় রাজস্ব দরপত্র গ্রহণের তারিখ পর্যন্ত পরিশোধ হয়নি তারা দরপত্র দাখিল করতে পারবেন না বা দাখিল করলেও তা গ্রাহ্য হবে না।

১২। বন্দোবস্ত নেওয়ার ৭(সাত) দিনের মধ্যে ইজারাদারদের নিজ খরচে প্রয়োজনীয় চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদন না করলেও সরকার অনুমোদিত চুক্তিপত্রের প্রতিটি ধারা ইজারাদারদের উপর বর্তাবে ও প্রযোজ্য হবে এবং প্রয়োজনবোধে কর্তৃপক্ষ ঐ বন্দোবস্ত বাতিল করতে পারবেন।

১৩। বন্দোবস্ত গ্রহণকারী চুক্তিপত্রের শর্তাবলী ও ইজারাকালের মধ্যে নূতন কোন শর্ত আরোপিত হলে তাও মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪। নিরূপিত সর্ব্বোচ্চ দর যা সকল দরপত্রকারীকে প্রথম বছরের জন্য দিতে হবে এবং দ্বিতীয় বৎসর হইতে ইজারা মূল্য পূর্ববর্তী বৎসর অপেক্ষা ৫% হারে বৃদ্ধি পাইবে।

১৫। মৎস্যজীবি সমবায় সমিতি/ গোষ্ঠী- গণকে মীনাধার বিষয়ক জলকর বন্দোবস্ত সম্পর্কিত সমস্ত আইন ও পরিচালিত বিধি-নিষেধ মেনে চলতে হবে।

১৬। সর্ব্বোচ্চ দর আশানুরুপ না হলে নিম্ন স্বাক্ষরকারী পুনরায় দরপত্র আহ্বান করতে পারবেন।

১৭। কোন কারণ না দর্শাইয়া নিম্ন স্বাক্ষরকারী ও উর্দ্ধতন কর্তৃপক্ষ দরপত্র গ্রহন, বর্জন, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করার অধিকার থাকবে।

১৮) সফল দরপত্রকারীকে নিজ খরচে জলকর- এর বর্তমান ঐতিহ্য এবং সৌন্দয্যকে রক্ষা করিতে হইবে। নিয়মিত অথবা প্রতি তিন মাস অন্তর পাড়ের ঘাস ও অন্যান্য আবর্জনা পরিস্কার করিতে হইবে। জলার মধ্যে কোনরুপ জল দূষন ও দৃশ্য দূষন করা যাইবে না।

__সংযোজন: ইজারা দেওয়ার জন্য জলাশয়ের তালিকা।__

সহ-মৎস্য অধিকর্তা, কোচবিহার।

স্মারক সংখ্যা: ৩১৭/১ (৫১)/এডি.এম.-৩, তারিখ: ১৮/০৬/২০২০.

পত্রের প্রতিলিপি অবগতি ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :-

১) মাননীয়, সভাধিপতি, কোচবিহার জেলা পরিষদ, কোচবিহার।

২) মাননীয়, মৎস্য অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার, কোলকাতা।

৩) মাননীয়, জেলা শাসক, কোচবিহার। দরপত্র বিবেচনার দিন আপনাকে/আপনার প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল।

৪) মাননীয়, অতিরিক্ত জেলা শাসক এবং জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, কোচবিহার। দরপত্র বিবেচনার দিন আপনাকে/আপনার প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল।

৫) মাননীয়, অতিরিক্ত মৎস্য অধিকর্তা, দত্তরাঞ্চল, শিলিগুড়ি।

৬) মাননীয়, উপমৎস্য আধিকর্তা, উত্তরাঞ্চাল, শিলিগুড়ি।

৭) মাননীয়, অতিরিক্ত জেলা মিশন অধিকর্তা, ডি.এম.এম.ইউ. ও প্রকল্প আধিকারিক, ডি.আর.ডি.এ. সেল, কোচবিহার জেলা পরিষদ, কোচবিহার।

৮-১২)মাননীয়, মহকুমা শাসক, সদর কোচবিহার/দিনহাটা/তুফানগঞ্জ/ মাথাভাঙ্গা/মেখলিগঞ্জ মহকুমা, জেলা- কোচবিহার। দরপত্র বিবেচনার দিন আপনাকে/আপনার প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল।

১৩) মাননীয়, অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার অফ কো-অপারেটিভ সোসাইটিস কোচবিহার। দরপত্র বিবেচনার দিন আপনাকে/ আপনার প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হইল।

১৪-২৫) মাননীয়, সভাপতি, কোচবিহার-১/কোচবিহার-২/দিনহাটা-১/দিনহাটা-২/তুফানগঞ্জ-১/তুফানগঞ্জ-২/মাথাভাঙ্গা-১ /মাথাভাঙ্গা-২/সিতাই/ শিতলখুচি/ হলদিবাড়ী/ মেখলিগঞ্জ পঞ্চায়েত সমিতি, কোচবিহার।

২৬-৩৭) মাননীয়, সমষ্ঠি উন্নয়ন আধিকারিক, কোচবিহার-১/ কোচবিহার-২/ দিনহাটা-১/ দিনহাটা-২/ তুফানগঞ্জ-১/ তুফানগঞ্জ-২/মাথাভাঙ্গা-১/মাথাভাঙ্গা-২/সিতাই/ শিতলখুচি/হলদিবাড়ী/মেখলিগঞ্জ উন্নয়ন ব্লক, কোচবিহার।

৩৮) মাননীয়, জেলা তথ্য আধিকারিক, এন.আই.সি., কোচবিহার। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য আপনাকে অনুরোধ করা হইতেছে।

৩৯-৫০)মৎস্য সম্প্রসারণ আধিকারিক, কোচবিহার-১/কোচবিহার-২/ দিনহাটা-১/দিনহাটা-২/তুফানগঞ্জ-১/ তুফানগঞ্জ-২/ মাথাভাঙ্গা-১/মাথাভাঙ্গা-২/সিতাই/ শিতলখুচি/হলদিবাড়ী/ মেখলিগঞ্জ উন্নয়ন ব্লক, কোচবিহার।

৫১) অফিস নোটিশ বোর্ড।

সহ-মৎস্য অধিকর্তা, কোচবিহার।

সংযোজন: স্মারক সংখ্যা: ৩১৭/১ (৫১)/এ.ডি.এম.-৩; তারিখ: ১৮/০৬/২০২০.

:- ইজারা দেওয়ার জন্য মৎস্য দপ্তরের তালিকাভুক্ত জলকর :-

ক্রমিক সংখ্যা	জলাশয়ের নাম	ব্লক	ইজারার সময় (বাংলা সন)	মাছ চাষযোগ্য গড় জলার আয়তন (একর)	সংরক্ষিত মুল্য (টাকা)
১)	নয়ার ছড়া বিল	দিনহাটা-২	১৪২৭-৩৩	৫২.৬০	৪০৩৩৪২
২)	গরায়ের ছড়া	দিনহাটা-২	১৪২৭-৩১	১২.৭১	৬১৫১০
৩)	দয়ালের ছড়া (মৌজা- দয়ালের ছড়া,২৩১)	কোচবিহার -১	১৪২৭-৩১	৩.৫০	১৯২৯৭
৪)	শিববাড়ী দিঘী (মৌজা-শহর কোচবিহার, এল.আর দাগ নং- ৩৮৮৪)	কোচবিহার -২	১৪২৭-৩১	১.২৫	২২৫০০
৫)	প্রিয়গন্জ দিঘী (মৌজা-শহর কোচবিহার, ১৩০)	কোচবিহার -২	১৪২৭-৩১	১.৯৭	২৬২৬৬
৬)	ঘুনঘুনডাঙ্গা বিল	তুফানগঞ্জ-১	১৪২৭-৩১	৭.০০	৪৪৪৯১
৭)	বালাকুঠী ফিস সিডফার্ম	তুফানগঞ্জ-২	১৪২৭-৩১	১.১১	১৮৭৬১
৮)	ভুরকুন্ডাঙ্গা বিল	মাথাভাঙ্গা-১	১৪২৭-৩১	৩.৩৩	৩৮৩২৭
৯)	সিঙ্গিমারি জলা/ শোনা খূলি বিল (মৌজা- বড় শোলমারী, ৬৩; এল.আর.দাগ নং-১১৮৫)	মাথাভাঙ্গা-২	১৪২৭-৩১	৪.৮০	১৯৯৬৮
১০)	খারেরপাড় ছড়া (মৌজা-পানিগ্রাম, ৪৯; এল.আর.দাগ নং-৪৩৬০, ৪৩৬১, ৪৩৫৭)	মাথাভাঙ্গা-২	১৪২৭-৩১	৬.০০	২১১৭৩
১১)	খুটামারা নদী (মৌজা- বড় শোলমারী,৬৩; এল.আর.দাগ নং- ১৬৫৪)	মাথাভাঙ্গা-২	১৪২৭-৩১	৩.৭৫	১৯৪৩১

সহ-মৎস্য আধিকর্তা, কোচবিহার ।